http://www.bd-pratidin.com/chittagong-pratidin/2018/10/24/370707

আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

প্রকাশ : ২৪ অক্টোবর, ২০১৮ ১৯:১৯ অনলাইন ভার্সন

মতবিনিময় সভায় বক্তারা

শিশুদের মেধা বিকাশে বাধাগ্রস্ত হয় এমন আচরণ করা উচিত নয়

নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম:

'শিশুদের প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসনঃ সুরক্ষা ও অধিকার' শীর্ষক মতবিনিময় সভায় বক্তারা বলেন, 'শিশুদের মানসিক এবং মেধা বিকাশে বাধাগ্রস্ত হয় এমন শাস্তি বা আচরণ তাদের সঙ্গে করা উচিত নয়। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের স্কেল দিয়ে আঘাত করা, বই ছুড়ে মারা, কানমলা, চুল টেনে দেওয়াসহ নানাভাবে শাস্তি দেওয়া হয়। এ সব কারণে অনেক শিক্ষার্থীর কাছে শিক্ষাপ্রতিষ্ঠান কষ্টের কেন্দ্র হিসাবে পরিচিত হয়। এতে তাদের মেধা, বুদ্ধিবৃত্তির স্বাভাবিক বিকাশ বাধাগ্রস্ত হওয়ার সম্ভাবনা থাকে।'

আইন সহায়কারী প্রতিষ্ঠান বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) চট্টগ্রাম ইউনিটের লিগ্যাল রিফর্ম ফর এন্ডিং করপোরাল পানিশমেন্ট এর উদ্যোগ এবং সেইভ দ্যা চিলড্রেনের সহযোগিতায় চট্টগ্রামের গণমাধ্যমের সঙ্গে মতবিনিময় সভায় সভাপতিত্ব ব্লাস্ট পরিচালনা পরিষদ সভাপতি অ্যাড. সুভাষ চন্দ্র লালা। ব্লাস্টের স্টাফ লইয়ার মিসকাতুত তানজিমা আজিমের সঞ্চালনায় অনুষ্ঠিত সভায় ধারনাপত্র উপস্থাপন করেন ব্লাস্ট চট্টগ্রাম ইউনিট সমন্বয়কারী অ্যাড. রেজাউল করিম চৌধুরী। মতবিনিময় সভায় বক্তব্য রাখেন, ব্লাস্টের উপদেষ্টা বেগম মুশতারী শফী, তপন দত্ত, সাংবাদিক আলীউর রহমান, সবুর শুভ, আরিচ আহমদ শাহ, মো. আইয়ুব আলী প্রমুখ।

ব্লাস্ট চট্টগ্রাম ইউনিট সমন্বয়কারী অ্যাড. রেজাউল করিম চৌধুরী বলেন, 'শিশুদের শারীরিক ও মানসিক নির্যাতনের পাশাপাশি যৌন নির্যাতন, শেকল বেঁধে নির্যাতনের ঘটনার পুনরাবৃত্তি বন্ধে শিক্ষাপ্রতিষ্ঠান ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, শিক্ষক, অভিভাবকসহ সর্বস্তরের মানুষের মধ্যে সচেতনতা গড়ে তোলা জরুরি। সবার মধ্যেই এর বিরুদ্ধে জাগরণ তৈরি হলে শিশু নির্যাতন বন্ধ হবে।

বিডি প্রতিদিন/এ মজুমদার

http://www.newsgarden24.com/?p=70532

NEWS GARDEN 24 .com
সারাক্ষণ সংবাদ
নিউজগার্ডেন
সঙ্গী হউন আমাদের...
newsgarden24.com

ব্লাস্টের উদ্যোগে শিশুদের প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসনঃ সুরক্ষা ও অধিকার শীর্ষক মত বিনিময় সভা

নিউজগার্ডেন ডেস্ক, ২৪ অক্টোবর ২০১৮, বুধবার: আজ ২৪ অক্টোবর দুপুর ১২ টায় আইনসহায়তাকারী প্রতিষ্ঠান বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) চট্টগ্রাম ইউনিটের লিগ্যাল রিফর্ম ফর এন্ডিং করপোরাল পানিশমেন্ট প্রকল্প (ECP) এর উদ্যোগে সেইভ দ্যা চিলড্রেন এর সহযোগিতায় চট্টগ্রামের ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দের সাথে “শিশুদের প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসনঃ সুরক্ষা ও অধিকার” শীর্ষক এক মতবিনিময় সভা ব্লাস্ট পরিচালনা পরিষদ সভাপতি অ্যাড. সুভাষ চন্দ্র লালা এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠান সঞ্চালনা করেন ব্লাস্ট স্টাফ লইয়ার মিসকাতুত তানজিমা আজিম। অনুষ্ঠানের শুরুতে ব্লাস্টের চলমান প্রকল্প, আইন সহায়তা বিষয়ক কার্যক্রম ও “শিশুদের প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসনঃ সুরক্ষা ও অধিকার” বিষয়ক ধারণা পত্র উপস্থাপন করেন ব্লাস্ট, চট্টগ্রাম ইউনিট সমন্বয়কারী অ্যাডভোকেট রেজাউল করিম চৌধুরী।

মতবিনিয়ম সভায় উপস্থিত সাংবাদিকবৃন্দ “শিশুদের প্রতি শারীরিক ও

মানসিক শাস্তি নিরসন ঃ সুরক্ষা ও অধিকার” বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন। উপস্থিত সাংবাদিকবৃন্দ শিশুদের প্রতি শারীরিক ও মানসিক শাস্তি বন্ধ ও সুরক্ষার জন্য ব্লাস্টের মাধ্যমে জেলা প্রশাসনের সম্পৃক্ততায় চট্টগ্রামের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও অভিভাবকদের নিয়ে সচেতনতামূলক কর্মশালা আয়োজনের পরমর্শ দেন।

মত বিনিময় সভায় বক্তব্য রাখেন, উপদেষ্টা বেগম মুশতারী শফী, তপন দত্ত, সাংবাদিক আলীউর রহমান, সবুর শুভ, আরিচ আহমদ শাহ, মোঃ আইয়ুব আলী, মাখন লাল সরকার, সান্টু কুমার দাশ, মুহাম্মদ মহরম হোসাইন, দিদারুল ইসলাম, এম. হাবিব রেজা, বিশ^জিৎ পাল, আরিফ রায়হান, নুর উদ্দিন আহমদ, আল রায়হান, প্রদীপ নন্দী, কামরুল হুদা, নাসির উদ্দিন রকি, মোঃ মুজাহিদুল ইসলাম, এস. এম শোয়েব খান, সুরেশ কুমার দাশ, রফিকুল ইসলাম সেলিম, মোঃ আবু জাবেদ, মোঃ মাসুন হোসেন, শারমিন সুমি, মোঃ ইকবাল হোসেন, রেজা মুজাম্মেল, বিশু রায় চৌধুরী, শৈবাল আচার্য্য, সুমন গোস্বামী, রাহুল দাস প্রমূখ। সমাপনী বক্তব্য রাখেন ব্লাস্ট পরিচালনা পরিষদ সভাপতি অ্যাড. সুভাষ চন্দ্র লালা। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সবার দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

http://dainikazadi.net/%E0%A6%B6%E0%A6%BF%E0%A6%B6%E0%A7%81%E0%A6%A6%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%B8%E0%A7%81%E0%A6%B0%E0%A6%95%E0%A7%8D%E0%A6%B7%E0%A6%BE-%E0%A6%93-%E0%A6%85%E0%A6%A7%E0%A6%BF%E0%A6%95%E0%A6%BE%E0%A6%B0/

দৈনিক আজাদী
প্রতিষ্ঠাতাঃ আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

শিশুদের সুরক্ষা ও অধিকার বিষয়ে ব্লাস্টের মতবিনিময়

আজাদী প্রতিবেদন

বৃহস্পতিবার , ২৫ অক্টোবর, ২০১৮ at ৬:০৭ পূর্বাহ্ণ

7

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম দৈনিক

আইন সহায়তাকারী প্রতিষ্ঠান বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) চট্টগ্রাম ইউনিটের লিগ্যাল রিফর্ম ফর এন্ডিং করপোরাল পানিশমেন্ট প্রকল্প (ঊঈচ) এর উদ্যোগে সাংবাদিকদের সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সেইভ দ্যা চিলড্রেনের সহযোগিতায় গতকাল বুধবার নগরীর একটি হোটেলে অনুষ্ঠিত উক্ত সভায় সভাপতিত্ব করেন ব্লাস্ট পরিচালনা পরিষদ সভাপতি অ্যাডভোকেট সুভাষ চন্দ্র লালা। অনুষ্ঠান সঞ্চালনা করেন ব্লাস্ট স্টাফ লইয়ার মিসকাতুত তানজিমা আজিম। অনুষ্ঠানের শুরুতে ব্লাস্টের চলমান প্রকল্প, আইন সহায়তা বিষয়ক কার্যক্রম এবং "শিশুদের প্রতি শারীরিক ও মানসিক শাস্তি নিরসন: সুরক্ষা ও অধিকার" বিষয়ক ধারণাপত্র উপস্থাপন করেন ব্লাস্ট চট্টগ্রাম ইউনিট সমন্বয়কারী অ্যাডভোকেট রেজাউল করিম চৌধুরী। সভায় উপস্থিত সাংবাদিকরা শিশুদের সুরক্ষা ও অধিকার বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন। এতে বক্তারা শিশুদের শাস্তি দেয়া বন্ধ ও সুরক্ষায় ব্লাস্টের মাধ্যমে শিক্ষক-অভিভাবকদের নিয়ে সচেতনতা মুলক কর্মশালা আয়োজনের পরমর্শ দেন। এবিষয়ে জেলা প্রশাসনের সম্পৃক্ততা জরুরি বলে অভিমত ব্যক্ত করা হয়। সভায় বক্তব্য রাখেন ব্লাস্টের উপদেষ্টা শহীদ জায়া বেগম মুশতারী শফী, তপন দত্ত প্রমুখ।